



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১ ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu

## প্রেস বিজ্ঞপ্তি

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে হামলার ঘটনায় গঠিত তদন্ত কমিটির প্রাথমিক প্রতিবেদন বিশ্ববিদ্যালয় প্রশাসনের নিকট দাখিল ॥ সর্বোচ্চ স্বচ্ছতা ও ন্যায্যতা নিশ্চিত করার মাধ্যমে স্বল্পতম সময়ের মধ্যে দোষী ব্যক্তিদের শাস্তি নিশ্চিত করার লক্ষ্যে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে মামলা করার বিষয়ে আবেদন করা হবে

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৭ জানুয়ারি ২০২৫

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে হামলার ঘটনায় গঠিত তদন্ত কমিটির প্রাথমিক প্রতিবেদন বিশ্ববিদ্যালয় প্রশাসনের নিকট দাখিল করা হয়েছে। সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, গত ১৪ জুলাই ২০২৪ তারিখ রাত ১১টা থেকে দিবাগত রাত ৩টা পর্যন্ত বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর হলে শিক্ষার্থীদের ওপর হামলা, ১৫ জুলাই ২০২৪ তারিখ সন্ধ্যা ৭টার সময় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে শিক্ষার্থীদের ওপর হামলা ও একই দিন রাত ১২টার সময় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবনে শিক্ষক-শিক্ষার্থীদের ওপর হামলা, ছররা গুলি বর্ষণ এবং ১৭ জুলাই ২০২৪ তারিখ বেলা ৩টার সময় প্রশাসনিক ভবনের সম্মুখে শিক্ষার্থীদের ওপর হামলা ও ছররা গুলি বর্ষণ সংক্রান্ত বিষয়ে তদন্ত করে সুপারিশসহ প্রতিবেদন জমা দেয়ার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গঠিত তদন্ত কমিটি তদন্ত করে সুপারিশসহ একটি প্রাথমিক তদন্ত প্রতিবেদন দাখিল করেছে। দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কমিটির গৃহীত সাক্ষ্যসমূহ সাক্ষ্য আইন, ১৮৭২ অনুযায়ী যথাযথ কী-না, সে বিষয়ে দ্য সুপ্রিমকোর্ট অব বাংলাদেশের ২জন আইনজীবীর সমন্বয়ে একটি প্যানেল গঠন করে ৭ কর্মদিবসের মধ্যে তাঁদের মতামতসহ একটি প্রতিবেদন দেয়ার জন্য অনুরোধ করে ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে। সাক্ষ্য আইন, ১৮৭২ অনুসারে অধিকতর যাচাইয়ের লক্ষ্য হচ্ছে সর্বোচ্চ স্বচ্ছতা ও ন্যায্যতা নিশ্চিত করা।

উল্লিখিত প্যানেল কর্তৃক মতামতসহ প্রতিবেদন প্রাপ্তির পর স্বল্পতম সময়ের মধ্যে দোষী ব্যক্তিদের শাস্তি নিশ্চিত করার লক্ষ্যে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে মামলা করার বিষয়ে যথাযথ নিয়মানুসারে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চীফ প্রসিকিউটরের বরাবরে আবেদন করা হবে।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)